

Times Today BD

মেহেদী হাসান | দেশজুড়ে | 30 June, 2025

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির (পবিপ্রবিসাস) এর তৃতীয় কার্যনির্বাহী কমিটি গঠিত হয়েছে। এতে সভাপতি হিসেবে দায়িত্বপ্রাপ্ত হয়েছেন চ্যানেল ২৪-এর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি মারসিফুল আলম রিমন এবং সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্বপ্রাপ্ত হয়েছেন দৈনিক কালের কণ্ঠের প্রতিনিধি সাব্বির হোসেন।

নবগঠিত এ কমিটির অনুমোদন দেন পবিপ্রবি সাংবাদিক সমিতির প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক ড. মো. সুজাহাঙ্গীর কবির সরকার নেতৃত্বাধীন নির্বাচন কমিশন।

২৯ জুন (রবিবার) নির্বাচন কমিশনের অনুমোদনের মধ্য দিয়ে এই নতুন কমিটির দায়িত্বভার গ্রহণ নিশ্চিত হয়।

পবিপ্রবি সাংবাদিক সমিতির ৩য় কার্যকরী কমিটির সভাপতি মারসিফুল আলম রিমন বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের ২০১৮-১৯ বর্ষের শিক্ষার্থী এবং সাধারণ সম্পাদক সাব্বির হোসেন ব্যবসায় প্রশাসন অনুষদের একই বর্ষের শিক্ষার্থী।

কমিটির অন্যান্য সদস্যরা হলেন—

সহ-সভাপতি: আবু হাসনাত তুহিন (দৈনিক ইত্তেফাক)

যুগ্ম-সাধারণ সম্পাদক: মো. আজমির হোসেন খান (নাগরিক ভাবনা)

সাংগঠনিক সম্পাদক: আব্দুল্লাহ মুহসিন তানজিম (একুশে সংবাদ)

কোষাধ্যক্ষ: আশিকুর রহমান (ঢাকা টাইমস)

দপ্তর ও প্রকাশনা সম্পাদক: সফিকুল ইসলাম আকাশ (দৈনিক সকালের সময়)

কার্যনির্বাহী সদস্য: সাদাফ মেহেদী (দেশ দেশান্তর), মো. মেহেদী হাসান (টাইমস টুডে),
সাজ্জাদ ইয়াসির (ভোরের বাংলা) এবং জয় ভাঙ্গী (দৈনিক তৃতীয় মাত্রা)।

কমিটি ঘোষণার পর প্রতিক্রিয়ায় সাধারণ সম্পাদক সাব্বির হোসেন বলেন, "বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের পাশাপাশি আমরা আগামীর একটি সুন্দর ও আদর্শ পবিপ্রবি গঠনে সক্রিয় ভূমিকা রাখতে চাই। একই সঙ্গে পরবর্তী প্রজন্মের সাংবাদিক ও সাংগঠনিক নেতৃত্ব গড়ে তোলাও আমাদের অন্যতম অঙ্গীকার।"

সহ-সভাপতি আবু হাসনাত তুহিন বলেন, "সত্য প্রকাশে আপসহীন থেকে পবিপ্রবি সাংবাদিক সমিতি বরাবরই দায়িত্বশীল ভূমিকা রেখে চলেছে। আশা করি, নতুন কমিটিও ক্যাম্পাসে জবাবদিহিতার পরিবেশ প্রতিষ্ঠায় অগ্রণী ভূমিকা পালন করবে।"

সদ্য দায়িত্বপ্রাপ্ত সভাপতি মারসিফুল আলম রিমন বলেন,

"সততা, নিষ্ঠা ও নিরপেক্ষতা—এই তিনটি ভিত্তির ওপর দাঁড়িয়ে রয়েছে আমাদের সাংবাদিক সমিতি। এই কমিটি বস্তুনিষ্ঠতার সঙ্গে ক্যাম্পাস সাংবাদিকতাকে এগিয়ে নিয়ে যাবে। পাশাপাশি একটি সুন্দর, শৃঙ্খল ও শিক্ষাবান্ধব ক্যাম্পাস গঠনে আমরা সংগঠনের পক্ষ থেকে নিয়মিত ভূমিকা রাখব।"

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় পবিপ্রবি পটুয়াখালী

URL: <https://www.timestodaybd.com/across-the-country/3927926892>